

AKASHVANI (AIR)

RNU : KOLKATA

Bengali Text Bulletin

Date: 21.10.2024

Time: 7.50 P.M.

বিশেষ বিশেষ খবর -

১) আর জি কর ইস্যুতে জুনিয়ার চিকিৎসকদের অনশন আন্দোলনের মধ্যেই নবান্নে আজ মুখ্যমন্ত্রীর সঙ্গে তাদের বৈঠক বসে। বেশিরভাগ দাবি-দাওয়াই পুরন হয়েছে জানিয়ে মুখ্যমন্ত্রী অবশ্য বলেন, সব দাবী মেনে নেওয়া সম্ভব নয়।।

তিনি আবারও তাদের অনশন প্রত্যাহার করে কাজে ফেরার আবেদন জানান।

২) কাঁচা মালের মূল্য বৃদ্ধির কারণে থ্যালাসেমিয়া সহ ৮-টি ওষুধের বর্ধিত দাম প্রত্যাহারের দাবি জানিয়ে মুখ্যমন্ত্রী, প্রধানমন্ত্রীকে চিঠি দিয়েছেন।

৩) রাজ্যের ৬-টি বিধানসভা আসনের উপ-নির্বাচনে প্রচার চলেছে। বিজেপি সিভিক ভলান্টিয়ার নিয়োগ না করার দাবি জানিয়েছে।

৪) গভীর নিম্নচাপের জেরে চলতি সপ্তাহে দক্ষিণবঙ্গের একাধিক জেলায় প্রবল ঘূর্ণিঝড়ের পূর্বাভাষ থাকায় তা মোকাবিলায় রাজ্য সরকার গৃহীত পদক্ষেপ নিয়ে কেন্দ্রীয় ক্যাবিনেট সচিব, আজ মুখ্য সচিবের সঙ্গে বৈঠক করেন।

৫) উত্তর আন্দামান সাগরে তৈরি হওয়া নিম্নচাপটি আজ সকালে সুষ্পষ্ট নিম্নচাপে পরিণত হয়েছে। বুধবার সেটির ঘূর্ণিঝড়ে পরিণত হওয়ার সম্ভাবনা।

০০০০০০০০০০০০০০০০০০০০০০০

আর জি কর ইস্যুতে জুনিয়ার চিকিৎসকদের অনশন আন্দোলনের মধ্যে মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জী আজ নবান্নে অচলাবস্থা নিরসনে জুনিয়ার চিকিৎসকদের সঙ্গে বৈঠক করেন। ন্যায় বিচার ও ১০ দফা দাবি নিয়ে আন্দোলনরত জুনিয়ার চিকিৎসকদের সঙ্গে ২ ঘণ্টার বেশি সময় ধরে চলা ওই বৈঠকে উপস্থিত ছিলেন মুখ্য সচিব মনোজ পন্থ, স্বরাষ্ট্র সচিব নন্দিনী চক্ৰবৰ্তী এবং একাধিক প্রশাসনিক আধিকারিক। বৈঠকে মুখ্যমন্ত্রী চিকিৎসকদের বেশিরভাগই দাবি-দাওয়া পূরণ হয়েছে জানিয়ে বলেন, বাকিগুলিও শীত্রাই বিবেচনা করা হবে। তবে, তাদের সব দাবী মেনে নেওয়া রাজ্য সরকারের পক্ষে সম্ভব নয় বলেও মুখ্যমন্ত্রী স্পষ্ট জানান। তিনি আবারও চিকিৎসকদের অনশন প্রত্যাহার করে কাজে ঘোগ দেওয়ার আবেদন জানান।

(বাইট – মমতা)

বৈঠকে মমতা আরও বলেন , রাজ্য সরকারকে কিছু না জানিয়ে কোনো মেডিক্যাল কলেজ ও হাসপাতাল কর্তৃপক্ষ একক ভাবে কোন সিদ্ধান্ত নিতে পারবে না। তিনি স্পষ্ট জানান কলেজগুলিতে অ্যাকাদেমিক কাউন্সিল তৈরি করার আগে অবশ্যই রাজ্য সরকারকে জানাতে হবে। কয়েকজন অধ্যক্ষ নিজেদের দায়িত্ব পালন না করে রাজনীতি করছেন বলেও মুখ্যমন্ত্রী উল্লেখ করেন।

আর জি কর হাসপাতালের অধ্যক্ষ রাজ্যকে কিছু না জানিয়েই কেন ৪৭ জন পড়ুয়া চিকিৎসককে বহিক্ষার করলেন তাও তিনি জানতে চান। বিষয়টি রাজ্য সরকারের গঠিত কমিটি তদন্ত করে দেখবে বলে মুখ্যমন্ত্রী জানিয়েছেন।

এর আগে বৈঠকে অংশ নেওয়া ১৭ জন চিকিৎসকের কাছ থেকে তাদের অভাব অভিযোগ শোনেন মুখ্যমন্ত্রী। কিছু ক্ষেত্রে তাদের অভিযোগকে মান্যতা দিয়ে তিনি বলেন, হাসপাতালগুলিতে পরিবেশ বান্ধব ও সুস্থ সংস্কৃতি ফিরিয়ে আনতে হুমকি সংস্কৃতি বন্ধ করতে হবে। স্বচ্ছতার সঙ্গে পরীক্ষা নেওয়ার নির্দেশ দেন তিনি। বিষয়টি দেখার জন্যে তিনি মুখ্যসচিবকে দায়িত্ব দেন। তাদের দাবি মেনে মার্চ মাসের মধ্যে

কলেজগুলিতে ছাত্র সংসদ নির্বাচন প্রক্রিয়া শেষ করার চেষ্টা চলছে বলেও মুখ্যমন্ত্রী জানিয়েছেন। একটি টাঙ্ক ফোর্স গঠনের সিদ্ধান্ত নেওয়া হয়েছে। স্বাস্থ্য সংক্রান্ত বিষয়ে অভিযোগ জানানোর জন্যে প্রতিটি মেডিক্যাল কলেজ ছাড়াও জেলা হাসপাতালগুলিতে কমিটি গঠন করা হবে বলে মুখ্যমন্ত্রী জানান।

বৈঠকে, মুখ্যসচিব মনোজ পন্থ চিকিৎসকদের জানান তাদের সুরক্ষা ও নিরাপত্তা সুনিশ্চিত করতে সুপ্রীম কোর্টের পর্যবেক্ষনে যে সব পদক্ষেপ গ্রহণ করা হয়েছে তার সিংহ ভাগ কাজ শেষ হয়ে গিয়েছে। তিনি আরও বলেন -

বাইট

অন্যদিকে স্বাস্থ্য সংক্রান্ত সব কমিটিতে তাদের প্রতিনিধি রাখার জন্যে জুনিয়র চিকিতসকরা দাবি জানান।

০০০০০০০০০০০০০০০০০০০০০০০

বিজেপি আর জি কর ইস্যুতে চিকিৎসকেরা তাদের মূল দাবি থেকে সরে আসছে বলে অভিযোগ করেছে। বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারী আজ হাওড়ায় এক অনুষ্ঠানে বলেন তাঁরা চিকিৎসকদের সমর্থন করছেন। কিন্তু এই ১০ দফা দাবী, তাঁদের মূল দাবী থেকে সরে আসা।

(বাইট - শুভেন্দু)

০০০০০০০০০০০০০০০০০০০০০০০

কাঁচামালের	দাম	বৃদ্ধির	কারনে	কেন্দ্রীয়	সরকার
------------	-----	---------	-------	------------	-------

থ্যালাসেমিয়া, যক্ষা, মানসিক রোগ সহ আটটি অত্যাবশ্যকীয় ওষুধের দাম পঞ্চাশ শতাংশ পর্যন্ত বাড়ানোর সিদ্ধান্ত নেওয়ায়, জনস্বার্থে তা পুনর্বিবেচনার আর্জি জানিয়ে মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জি, প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীকে চিঠি দিয়েছেন।

চিঠিতে তিনি উল্লেখ করেন, এই ওষুধের দাম বৃদ্ধি পাওয়ায় দুরারোগ্য রোগে আক্রান্তদের আত্মীয় পরিজনরা একদিকে অসুবিধায় পড়বেন। এ ছাড়াও নিত্যপ্রয়োজনীয় জিনিসের মূল্যবৃদ্ধির সঙ্গে জীবনদায়ী ওষুধের দাম বৃদ্ধি সাধারণ মানুষের কাছেও বড় ধাক্কা।

পাশাপাশি পশ্চিমবঙ্গের মত রাজ্য যেখানে রোগীদের বিনামূল্যে চিকিৎসা পরিষেবা দেওয়া হয়ে থাকে ওষুধের দাম বৃদ্ধির ফলে সার্বিক ভাবে সরকারের আর্থিক বোৰ্ড বাড়াবে বলেও তিনি জানিয়েছেন। এই সিদ্ধান্ত গোটা দেশে সুলভ স্বাস্থ্য পরিষেবা দেওয়ার ক্ষেত্রে প্রতিবন্ধকতা তৈরি করবে বলেও মুখ্যমন্ত্রী উল্লেখ করেছেন।

উল্লেখ, কেন্দ্রীয় রসায়ন ও সার মন্ত্রকের অধীনস্থ ন্যাশনাল ফার্মাসিউটিক্যাল প্রাইজিং অথোরিটি সম্পত্তি বিজ্ঞপ্তি জারি করে যক্ষা অ্যাজমা, থ্যালাসেমিয়া, মনোরোগ ও বিভিন্ন সংক্রমণজনিত রোগের ওষুধ তৈরির উপকরণের দাম বাড়ানোর সিদ্ধান্ত নিয়েছে।

oooooooooooooooooooo

রাজ্যের ৬-টি বিধানসভা আসনের উপ-নির্বাচনে প্রচার চলেছে। নেহাটি, তালডাংরা, মাদারিহাট, হাড়োয়া, সীতাই ও মেদিনীপুর - এই ৬-টি আসনের উপ-নির্বাচন ১৩-ই নভেম্বর।

মাদারিহাট বিধানসভায় বিজেপি প্রার্থী আজ ভোটের প্রচারে চা-বাগান এলাকায় যান। সঙ্গে ছিলেন মনোজ টিথা। আলিপুরদুয়ারের অন্তর্গত এই বিধানসভার কিছুটা অংশ পড়েছে জলপাইগুড়িতে।

oooooooooooooooooooo

নেহাটি বিধানসভা উপনির্বাচনে ত্রিমূল কংগ্রেস প্রার্থী সনৎ দে আজ মনোনয়নপত্র জমা দেন। ব্যারাকপুরের সাংসদ পার্থ তৌমিক সহ অন্যান্য দলীয়

নেতৃত্বের সঙ্গে ব্যারাকপুর মহকুমা শাসকের মনোনয়ন জমা দিয়েছেন তৃণমূল কংগ্রেস প্রার্থী।

উল্লেখ্য আগামী ১৩ নভেম্বর এই কেন্দ্রের উপনির্বাচন। ভোট গণনা ২৩ নভেম্বর।

০০০০০০০০০০০০০০০০০০০

বিজেপি , রাজ্যে ছয়টি বিধানসভা কেন্দ্রের উপনির্বাচনে সিভিক ভলান্টিয়ার নিয়োগ না করার দাবি জানিয়েছে। রাজ্য সাধারণ সম্পাদক জগন্নাথ চট্টোপাধ্যায়ের নেতৃত্বে বিজেপির এক প্রতিনিধি দল আজ মুখ্য নির্বাচনী আধিকারিকের সঙ্গে দেখা করে এই দাবি জানান।

পরে সাংবাদিক বৈঠকে শ্রী চট্টোপাধ্যায় অভিযোগ করেন,সিভিক ভলান্টিয়াররা থানার প্রতিনিধি হলেও শাসকদলের হয়ে কাজ করে। সম্প্রতি লোকসভা নির্বাচনে সিভিক ভলান্টিয়াররা পুলিশের পোশাক পরে শাসকদলের দুষ্কৃতী হিসেবে ভোট দাতাদের ভয় দেখিয়েছে এবং শাসকদলের পক্ষে ভোট দেওয়ার জন্য বিভিন্ন প্রক্রিয়ায় তাদের পরিচালিত করেছে। তাই ভোটের আগে সিভিক ভলান্টিয়ারদের বিরুদ্ধে কোন অভিযোগ এলে তাদের আগে থেকে গ্রেপ্তার করার দাবি জানানো হয়েছে।

০০০০০০০০০০০০০০০০

উত্তর ২৪ পরগনার বসিরহাট মহকুমার হাড়োয়া গোপালপুর দু-নম্বর গ্রাম পঞ্চায়েতের খাটুরা এলাকায় শাসক দলের দুটি গোষ্ঠীর মধ্যে এলাকা দখলকে কেন্দ্র করে সংঘর্ষের ঘটনায় ৩-৪ জন তৃণমূল কংগ্রেস কর্মী আহত হয়েছেন। আশঙ্কাজনক অবস্থায় তাদের ভর্তি করা হয়েছে হাসপাতলে। স্থানীয় সূত্রে জানা গেছে দুটি গোষ্ঠীই এলাকার দখল নিতে চাইছিল। তা থেকেই এই উদ্দেশ্য।

সংঘর্ষের সময় ব্যাপক বোমাবাজীও হয়। হাড়োয়া থানার বিশাল পুলিশ বাহিনী ঘটনাস্থলে গেছে। পরিস্থিতি নিয়ন্ত্রণে আনার চেষ্টা চলেছে।

০০০০০০০০০০০০০০০০০০০

দক্ষিণ ২৪ পরগনার জয়নগরে যৌন হেনস্থার পরে খুন হওয়া চতুর্থ শ্রেণীর ছাত্রীর বাবা-মা আজ নবান্নে মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জির সঙ্গে দেখা করেন। তাদের সঙ্গে ছিলেন ক্যানিং পূর্বের বিধায়ক শওকত মোল্লা। বেশ কিছুক্ষন ঐ পরিবারের সঙ্গে মুখ্যমন্ত্রীর কথা হয়। তবে কি নিয়ে আলোচনা হয়েছে, সেই বিষয়ে সরকারিভাবে এখনও কিছু জানা যায়নি।

উল্লেখ্য টিউশন পড়তে বেরিয়ে গত চৌঠা অক্টোবর মহিষমারীর কৃপাখালি গ্রামে ঐ চতুর্থ শ্রেণীর এই ছাত্রী নিখোঁজ হয়ে যায়। পরের দিন ভোরে বাড়ির কিছুটা দূরে জলাজমি থেকে নিখোঁজ ছাত্রীর দেহ উদ্ধার করা হয়।

০০০০০০০০০০০০০০০০০০০

গভীর নিম্নচাপের জেরে চলতি সপ্তাহে দক্ষিণবঙ্গের উপকূলবর্তী একাধিক জেলায় প্রবল ঘূর্ণিঝড় এর পূর্বাভাষ থাকায় তা মোকাবিলায় রাজ্য সরকার কি কি পদক্ষেপ গ্রহণ করেছে সে নিয়ে কেন্দ্রীয় ক্যাবিনেট সচিব পি ভি সোম নাথন আজ মুখ্যসচিব মনোজ পন্থ এর সঙ্গে বৈঠক করেন। বৈঠকের পর নবান্ন সূত্রে জানা গিয়েছে, কেন্দ্রীয় সরকারের তরফে সব ধরনের ব্যবস্থা গ্রহণের নির্দেশ দেওয়া হয়। এ ছাড়া উপকূলবর্তী এলাকার মানুষজন কে নিরাপদ স্থানে সরিয়ে নিয়ে যাওয়া, রাজ্য বিপর্যয় ব্যবস্থাপনা মোকাবিলা দণ্ডের সঙ্গে জাতীয় বিপর্যয় মোকাবিলা বিভাগকেও দায়িত্ব নিয়ে কাজ করার কথা বলা হয়েছে। সেচ, বিদ্যুৎ সহ সংশ্লিষ্ট বিভাগের কর্মীদের ছুটি বাতিলেরও নির্দেশ দেওয়া হয়েছে।

ওই বৈঠকের পরেই মুখ্যসচিব দুই চরিশ পরগনা, দুই মেদিনীপুর সহ উপকূলবর্তী জেলাশাসকের সঙ্গে বৈঠক করে তাদের সব ধরনের বন্দোবস্ত গ্রহণের নির্দেশ দেন। পাশাপাশি উত্তরবঙ্গে যে সব পর্যটক বেড়াতে গিয়েছেন তাদের সতর্ক করে দেওয়ার জন্যেও সেখানকার সাত জেলাশাসককে নির্দেশ দেওয়া হয়েছে।

০০০০০০০০০০০০০০০০০০০

উত্তর আনন্দামান সাগরে তৈরি হওয়া নিম্নচাপ ক্ষেত্রটি আজ সকালে সুষ্পষ্ট নিম্নচাপে পরিণত হয়েছে। এটি এখন পশ্চিম উত্তর-পশ্চিম অভিমুখে অগ্রসর হয়ে পূর্ব মধ্য বঙ্গোপসাগরে অবস্থান করছে।

আগামী বুধবার ২৩ শে অক্টোবর ওই নিম্নচাপের ঘূর্ণিঝড়ে পরিণত হবার সম্ভাবনা। ক্রমশ সেই ঘূর্ণিঝড় - ‘দানা’ উত্তর-পূর্ব দিকে অগ্রসর হয়ে ২৪ তারিখ অর্থাৎ বৃহস্পতিবার ওড়িশা - পশ্চিমবঙ্গ উপকূলে পৌঁছবে। ওই দিন রাত থেকে ২৫ তারিখ অর্থাৎ শুক্রবার সকালের মধ্যে এটি প্রবল ঘূর্ণিঝড় রূপে উত্তর ওড়িশা ও পশ্চিমবঙ্গ উপকূল অঞ্চলের পুরী এবং সাগরদ্বীপের মধ্যবর্তী অংশ অতিক্রম করবে। এই সময় বাতাসের গতিবেগ থাকবে ঘন্টায় ১১০ থেকে ১২০ কিলোমিটার। এর প্রভাবে রাজ্যের সর্বত্র হালকা থেকে মাঝারি বৃষ্টিপাত হবে। অনেক জায়গায় ভারী থাকে অতি ভারী বৃষ্টিরও সম্ভাবনা রয়েছে।

আলিপুর আবহাওয়া দণ্ডের পূর্বাঞ্চলীয় অধিকর্তা ডঃ সোমনাথ দত্ত আকাশবাণীকে বলেছেন, ঘূর্ণিঝড় দানার প্রভাবে বেশি ক্ষতিগ্রস্ত হবে দুই ২৪ পরগনা, পূর্ব মেদিনীপুর, হাওড়া, ভগলি ও বাঁকুড়া জেলা। কাঁচা বাড়ি ও কুঁড়েঘর ভেঙে পড়ার সম্ভাবনা। কৃষি ক্ষেত্রেও ভালো রকম ক্ষয়ক্ষতির সম্ভাবনা। বিদ্যুৎ ও যোগাযোগ ব্যবস্থাও ব্যাহত হতে পারে। বড় গাছ উপড়ে পড়তে এবং কোথাও ভূমি ধ্বসেরও সম্ভাবনা রয়েছে।

কলকাতা সহ দক্ষিণবঙ্গের জেলাগুলিতে ওই সময় ভারী বৃষ্টির কারণে রাস্তায় জল জমার সতর্কবার্তা দেওয়া হয়েছে। দৃশ্যমানতা কম থাকবে। সেই কারণে পথে ঘাটে যাতায়াতের সময় বিশেষভাবে সতর্ক থাকতেও বলা হয়েছে।

(বাইট - ডঃ সোমনাথ দত্ত)

০০০০০০০০০০০০০০০০০০০